গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ

গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক)-এর অঙ্গ প্রতিষ্ঠান গাক চক্ষু হাসপাতাল-এর ষান্মাসিক সচিত্র নিউজলেটার 'গাক আই নিউজ'-এর প্রথম সংখ্যা প্রকাশিত হয়েছে। বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে বিগত ৩৫ বছর ধরে (গাক) ক্ষুদ্রঋণ কার্যক্রমের পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন, জলবায়ু পরিবর্তন, অভিযোজন সক্ষমতা বৃদ্ধি, গ্রিন এনার্জি এবং উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে নিরলসভাবে কাজ করে আসছে। এরই ধারাবাহিকতায়, দেশের শহর, গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলের অতিদরিদ্র, দরিদ্র এবং সাধারণ জনগণের দোরগোড়ায় স্বল্পমূল্যে ও বিনামূল্যে আধুনিক চক্ষু চিকিৎসা সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্য নিয়ে ২০১৫ সালে বগুড়ায় প্রতিষ্ঠা করা হয় দরিদ্রবান্ধব ও আধুনিক গাক চক্ষু হাসপাতাল। স্বল্প ব্যয়ে উন্নতমানের চক্ষু চিকিৎসা সেবা প্রদানের কারণে গাক চক্ষু হাসপাতাল ইতোমধ্যেই সারা দেশে ব্যাপক আস্থা ও সুনাম অর্জন করেছে। এ প্রেক্ষিতে, চক্ষু চিকিৎসা সেবার পরিধি আরও সম্প্রসারণের লক্ষ্যে ২০২১ সালে দিনাজপুরে এবং ২০২২ সালে ঢাকায় একই মডেলে আরও দুটি আধুনিক চক্ষু হাসপাতাল প্রতিষ্ঠা করা হয়েছে। গাক চক্ষু হাসপাতালসমূহে মাত্র ১০০ টাকা নিবন্ধন ফি-এর বিনিময়ে দক্ষ অপ্টোমেট্রিস্টের মাধ্যমে দৃষ্টিশক্তি পরীক্ষা ও রিফ্রাকশন সম্পন্ন করে বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকদের মাধ্যমে বহির্বিভাগ (OPD) সেবা প্রদান করা হয়। এছাড়াও ছানিসহ অন্যান্য সার্জারী রোগী শনাক্ত হওয়ার পর প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করে (IPD) তে ভর্তিপূর্বক অভিজ্ঞ সার্জনের মাধ্যমে স্বল্পমূল্যে বা সম্পূর্ণ বিনামূল্যে অপারেশনের ব্যবস্থা করা হয়। ফলে রোগীরা অত্যন্ত ব্যয়সাশ্রয়ী উপায়ে আধুনিক ও মানসম্মত চক্ষু চিকিৎসা সেবা গ্রহণের সুযোগ পাচ্ছেন। এছাড়াও স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্ত করে গাক চক্ষু হাসপাতালসমূহ দেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে নিয়মিত বিনামূল্যে চক্ষু ক্যাম্প পরিচালনা করে আসছে। এসব ক্যাম্পে আগত রোগীদের বিনামূল্যে চক্ষু পরীক্ষা, প্রয়োজনীয় ওষুধ ও চশমা প্রদান করা হয়। একই সঙ্গে ছানি, DCR, DCT, Pterygium, Chalazion সহ বিভিন্ন চক্ষু রোগে আক্রান্ত অপারেশনযোগ্য রোগীদের গাকের নিজস্ব পরিবহনে হাসপাতালে নিয়ে এসে অপারেশন শেষে এ সকল রোগীদের প্রয়োজনীয় ওষুধ, কালো চশমা প্রদানসহ নিরাপদে নিজ বাড়িতে পৌঁছে দেওয়ার ব্যবস্থাও করা হয়। এ পর্যন্ত গাক-এর তিনটি চক্ষু হাসপাতালের মাধ্যমে আয়োজিত বিনামূল্যের চক্ষু ক্যাম্পে প্রায় ২০ লক্ষ মানুষ চক্ষু পরীক্ষা সেবা গ্রহণ করেছেন। এছাড়া প্রায় ১৩ লক্ষ রোগী মাত্র ১০০ টাকা নিবন্ধন ফি দিয়ে দক্ষ অপ্টোমেট্রিস্টের মাধ্যমে ভিশন পরীক্ষা ও রিফ্রাকশন পরবর্তী বিশেষজ্ঞ চিকিৎসকের OPD সেবা পেয়েছেন। একই সঙ্গে অভিজ্ঞ সার্জনের মাধ্যমে প্রায় ২০ হাজার রোগীর সফল ছানি অপারেশন সম্পন্ন হয়েছে। গাক চক্ষু হাসপাতালসমূহের সার্বিক চিকিৎসা সেবা কার্যক্রমগুলোর ধারাবাহিকতা তুলে ধরতেই জানুয়ারি-জুন, ২০২৬ সময়কালের উল্লেখ্যযোগ্য কার্যক্রম নিয়ে প্রকাশিত হলো ষান্মাসিক সচিত্র নিউজলেটার 'গাক আই নিউজ'-এর প্রথম সংখ্যা। আমরা বিশ্বাস করি, এই প্রকাশনা গাক চক্ষু হাসপাতালের সেবাগ্রহীতা, শুভানুধ্যায়ী, অংশীজন এবং সাধারণ জনগণের কাছে আমাদের কার্যক্রম, অর্জন ও সেবার তথ্য আরও কার্যকরভাবে পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সম্পাদকমন্ডলী

সম্পাদক
ড. খন্দকার আলমগীর হোসেন, ক্যাপস্টোন ফেলো-এনডিসি
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, গাক
চেয়ারম্যান, গাক চক্ষু হাসপাতাল।

প্রণয়নে
ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক, গাক।

সম্পাদনা পর্ষদ
মোঃ রশিদুল ইসলাম, পরিচালক (প্রোগ্রাম), গাক।
ডাঃ এইচ.এস.এম রেজাউন্নবী মন্ডল, পরিচালক (মেডিকেল), গাক চক্ষু হাসপাতাল।
মোহাম্মদ আরমান হোসেন, উপ-পরিচালক, নির্বাহী বিভাগ, গাক।
মোঃ জিয়া উদ্দিন সরদার, সহকারী পরিচালক, নির্বাহী বিভাগ, গাক।
কনটেন্ট ডেভেলপমেন্ট
আবদুল্লাহ আল মামুন, নির্বাহী কর্মকর্তা, নির্বাহী বিভাগ, গাক।

প্রকাশনায়
কমিউনিকেশন এ্যান্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।

E-mail: gukeyehospital@gmail.com, Website: www.gukeyehospital.org
Mobile: 01334941028, 01708421004

পুলিশ সুপার, ঠাকুরগাঁও এবং নির্বাহী পরিচালক, গাক-কর্তৃক ফ্রি চক্ষু ক্যাম্পের আওতায় ছানি অপারেশনকৃত ভর্তি রোগীদের সাথে সাক্ষাত ও মতবিনিময়

গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে এবং পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক), ঠাকুরগাঁও এর আয়োজনে ১১ জানুয়ারি, ২০২৬ তারিখে ঠাকুরগাঁও পুলিশ লাইন্স, প্রাঙ্গণে একটি বিনামূল্যে চক্ষু চিকিৎসা ও ছানি অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পের মাধ্যমে ৯৬০ জন রোগীর চোখ পরীক্ষা করে প্রয়োজনীয় চিকিৎসা ও ওষুধ প্রদান করা হয় এবং ছানি চিহ্নিত ১১০ জন রোগীকে বিনামূল্যে ছানি অপারেশন করে দেয়া হয়। এ সময় পুলিশ সুপার, ঠাকুরগাঁও এবং (গাক) এর নির্বাহী পরিচালক হাসপাতালের (IPD) তে ভর্তি থাকা ছানি অপারেশনকৃত রোগীদের শারিরিক অবস্থার খোঁজ খবর নেন এবং তাদের সাথে কুশল বিনিময় করেন। পরিদর্শনকালে তাঁরা হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন, চিকিৎসা কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে খোঁজ খবর নেন এবং চিকিৎসা সেবার মান বজায় রাখতে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও মূল্যবান পরামর্শ প্রদান করেন।

অরবিস ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কান্ট্রি অফিসে গাক চক্ষু হাসপাতালের প্রতিনিধিগণের সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময়

২২ জানুয়ারী ২০২৬ তারিখে গাক চক্ষু হাসপাতাল-এর একটি প্রতিনিধি দল ঢাকার গুলশানে অবস্থিত অরবিস ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর কান্ট্রি অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে উক্ত প্রতিনিধিদল অরবিস বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর ড. মুনির আহমেদ এবং অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন। এ সময় সুবিধাবঞ্চিত ও প্রত্যন্ত অঞ্চলের মানুষের জন্য মানসম্মত চক্ষু চিকিৎসাসেবার পরিধি আরও সম্প্রসারণ, সম্ভাব্য যৌথ উদ্যোগ এবং ভবিষ্যৎ সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠিত হয়। উভয় প্রতিষ্ঠানই সবার জন্য সহজলভ্য ও মানসম্মত চক্ষু সেবা নিশ্চিত করার অভিন্ন লক্ষ্য নিয়ে একসঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করে। এই আলোচনা ভবিষ্যতে কার্যকর অংশীদারিত্ব এবং সর্বসাধারণের জন্য নিরবচ্ছিন্ন চক্ষু সেবার আওতা বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী।

গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ

গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

গাক চক্ষু হাসপাতাল দিনাজপুরে মানবিক চক্ষু চিকিৎসা সেবা কার্যক্রম জোরদারে সৌজন্য সাক্ষাৎ, হাসপাতাল পরিদর্শন ও সিএমই অনুষ্ঠিত

২৬ এপ্রিল ২০২৬ তারিখে গাক'র উপদেষ্টা ডাঃ আল মোস্তাকিম গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর পরিদর্শন করেন। তিনি হাসপাতালের বিভিন্ন বিভাগ, রোগীসেবা কার্যক্রম এবং চিকিৎসার মান পর্যবেক্ষণ করেন। এছাড়া Continuing Medical Education (CME) প্রোগ্রামে অংশ নিয়ে চিকিৎসক ও স্টাফদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন এবং মাঠপর্যায়ে পরিচালিত চক্ষু ক্যাম্প পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং হাসপাতালে আগত রোগীদের গুণগত, মানবিক ও রোগীবান্ধব চক্ষু চিকিৎসা সেবা অব্যাহত রাখার আহ্বান জানান।

গাক চক্ষু হাসপাতালের উদ্যোগে ২টি চক্ষু ক্যাম্পের মাধ্যমে বিনামূল্যে ২,৫০০ জন রোগীর চক্ষু পরীক্ষা এবং ২০০ জনকে বিনামূল্যে ছানি অপারেশন

গাক চক্ষু হাসপাতালের উদ্যোগে মীর শাহে আলম ফাউন্ডেশন এর আয়োজনে ১৩ এপ্রিল ২০২৬ তারিখে শিবগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, বগুড়া এবং মোকামতলা বালিকা উচ্চ বিদ্যালয়, শিবগঞ্জ, বগুড়ায় বিনামূল্যে ২টি চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পসমূহের মাধ্যমে প্রায় ২,৫০০ জন রোগীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষাসহ প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে ছানি চিহ্নিত রোগীদের গাক চক্ষু হাসপাতালে এনে বিনামূল্যে ছানি অপারেশন করা হয়। উক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মীর শাহে আলম, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। তিনি বলেন, সাধারণ মানুষের দোরগোড়ায় চক্ষু চিকিৎসা সেবা পৌঁছে দিতে এ ধরণের মানবিক উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে দরিদ্র ও অসহায় ছানি রোগীদের বিনামূল্যে চক্ষু পরীক্ষা, ঔষধ, চশমা প্রদান ও অপারেশনের জন্য গাক চক্ষু হাসপাতাল কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন । এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক, গাক এবং ডাঃ এইচ.এস.এম রেজাউন্নবী মন্ডল, পরিচালক (মেডিকেল), গাক চক্ষু হাসপাতাল।

গাক চক্ষু হাসপাতালসমূহের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত: সেবার মানোন্নয়ন ও ভবিষ্যৎ পরিকল্পনায় গুরুত্বারোপ

১৩ মার্চ, ২০২৬ তারিখে গাক চক্ষু হাসপাতাল-এর ঢাকা, বগুড়া ও দিনাজপুর শাখার ম্যানেজার, হিসাবরক্ষক এবং মার্কেটিং কর্মকর্তাদের অংশগ্রহণে একটি গুরুত্বপূর্ণ সমন্বয় ও পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় হাসপাতালের সার্বিক কার্যক্রমের অগ্রগতি, রোগী সেবা, বাজেটারি প্ল্যান, ভবিষ্যৎ পরিকল্পনা এবং সার্বিক কার্যক্রমকে আরও কার্যকর ও গতিশীল করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সময় সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণ নিজ নিজ বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন এবং মতামত প্রদান করেন। উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন গাক চক্ষু হাসপাতালের চেয়ারম্যান ড. খন্দকার আলমগীর হোসেন, ক্যাপস্টোন ফেলো-এনডিসি, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এবং হাসপাতালের বিভিন্ন পর্যায়ের কর্মী/কর্মকর্তাবৃন্দ। এ সময় চেয়ারম্যান রোগীবান্ধব, মানসম্মত ও মানবিক চক্ষু চিকিৎসাসেবা নিশ্চিত করতে সকলকে নিষ্ঠা, আন্তরিকতা ও প্রয়োজনীয় সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করার জন্য আহ্বান জানান।

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া কর্তৃক বিনামূল্যে চক্ষু ক্যাম্প আয়োজনের মাধ্যমে ২৫০ জন রোগীর চক্ষু পরীক্ষা এবং ১১৫ জন রোগীর ছানি অপারেশন সম্পন্ন

প্রত্যন্ত অঞ্চলে প্রান্তিক, গরিব, অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের দোরগোড়ায় উন্নত চক্ষু সেবা পৌঁছে দেওয়ার অঙ্গীকার নিয়ে গাক চক্ষু হাসপাতাল বগুড়া ১৫ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে সারিয়াকান্দি উপজেলায় বিনামূল্যে ১টি চক্ষু চিকিৎসা ক্যাম্প আয়োজন করে। উক্ত ফ্রি চক্ষু ক্যাম্পে আগত ২৫০ জন রোগীর চোখ বিনামূল্যে পরীক্ষা করা হয়। উক্ত ক্যাম্প থেকে ১১৫ জন চক্ষু রোগীকে হাসপাতালে নিয়ে এসে তাদেরকে সম্পূর্ণ বিনামূল্যে চোখের ছানি অপারেশন করে পরবর্তীতে হাসপাতালের নিজস্ব পরিবহনে তাদের নিজ নিজ বাড়িতে পৌঁছে দেয়া হয়েছে। মানুষের দৃষ্টিশক্তি রক্ষা, অন্ধত্ব প্রতিরোধ এবং প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে মানসম্মত চক্ষু সেবা পৌঁছে দিতে গাক চক্ষু হাসপাতাল নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ

গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

গাক চক্ষু হাসপাতালের উদ্যোগে বগুড়া'র শহিদ খোকন পার্কে চক্ষু ক্যাম্পের মাধ্যমে বিনামূল্যে ১,২৫০ জন রোগীর চক্ষু পরীক্ষা এবং ১২০ জন রোগীর ছানি অপারেশন সম্পন্ন

গাক চক্ষু হাসপাতাল কর্তৃক বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের জন্মদিন উপলক্ষ্যে ১৮ নভেম্বর, ২০২৫ তারিখে বগুড়াস্থ শহিদ খোকন পৌর শিশু উদ্যানে ফ্রি চক্ষু ক্যাম্প আয়োজনের মাধ্যমে ১,২৫০ জন রোগীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা এবং ১২০ জনকে বিনামূল্যে চোখের ছানি অপারেশন করা হয়। উক্ত ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি'র জেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, ''আমরা বিএনপি পরিবার-বাংলাদেশ'' এর আহবায়ক আতিকুর রহমান রুমন, বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষকদল এর সিনিয়র সহ-সভাপতি হেলালুজ্জামান তালুকদার লালু, বগুড়া জেলা বিএনপি'র সিনিয়র সহ-সভাপতি এম আর ইসলাম স্বাধীন এবং গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম সহ অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ। উক্ত চক্ষু ক্যাম্পে আগত রোগীদের প্রয়োজনীয় চক্ষু চিকিৎসা সেবা প্রদানের পাশাপাশি চক্ষু পরীক্ষা করে ছানি চিহ্নিত রোগীদের গাক চক্ষু হাসপাতালে নিয়ে এসে বিনামূল্যে চক্ষু অপারেশন করা হয়।

গাক চক্ষু হাসপাতালের ব্যতিক্রমী মানবিক উদ্যোগ আলোকিত হলো সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের জীবন

১৫ এপ্রিল ২০২৬ তারিখে গাক চক্ষু হাসপাতাল, বগুড়া এর উদ্যোগে একটি ব্যতিক্রমী মানবিক কর্মসূচি আয়োজন করা হয়। উক্ত কর্মসূচি'র মাধ্যমে ১০০ জন সুবিধাবঞ্চিত মাদ্রাসা শিক্ষার্থীদের হাতে আর্থিক সহায়তা এবং এক মাসের খাদ্যসামগ্রী তুলে দেয়া হয়। এছাড়াও চোখের যত্নে সচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারী মাদ্রাসা শিক্ষক ও শিক্ষার্থীদের একটি উল্লেখযোগ্য অংশ ছিলেন দৃষ্টিহীন। এ সময় তাঁরা দৃষ্টিহীন জীবনের নানা প্রতিকূলতা সম্পর্কে উপস্থিত সবাইকে অবহিত করেন এবং চোখের যত্নে আরো সচেতন হওয়ার আহবান জানান। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক চক্ষু হাসপাতালের পরিচালক (মেডিকেল) ডাঃ এইচ.এস.এম রেজাউন্নবী মন্ডল, উপদেষ্টা ডাঃ আল মোস্তাকিম অর্থি এবং বিশিষ্ট সমাজসেবক আলহাজ্ব নুরুল ইসলাম তোতা।

গাক চক্ষু হাসপাতালের আয়োজনে বিশ্ব গ্লুকোমা সপ্তাহ ২০২৬ উদযাপন

'একসাথে হাত ধরি, গ্লুকোমা মুক্ত বিশ্ব গড়ি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে গাক চক্ষু হাসপাতাল এর আয়োজনে ৮-১৪ মার্চ বিশ্ব গ্লুকোমা সপ্তাহ ২০২৬ আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক চক্ষু হাসপাতাল এর পরিচালক (মেডিকেল) ডাঃ হাসান শহীদ মোঃ রেজাউন্নবী মন্ডল। তিনি বলেন, গ্লুকোমা চোখের এমন একটি রোগ যেখানে চোখের প্রেসার বেড়ে গিয়ে কিংবা চোখের প্রেসার ধীরে ধীরে বাড়তে বাড়তে চোখের ভিতরে অবস্থিত অপটিক স্নায়ুকে ড্যামেজ করে, দৃষ্টিক্ষেত্রকে সংকীর্ন করে ফেলে। চক্ষু সচেতনতা এবং নিয়মিত চক্ষু পরীক্ষা ও যথাসময়ে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণই হতে পারে এ রোগের সঠিক সমাধান।

গাক চক্ষু হাসপাতাল, ঢাকা'র আয়োজনে বিনামূল্যে চক্ষু ক্যাম্প আয়োজন

২১ শে এপ্রিল ২০২৬ তারিখে গাক চক্ষু হাসপাতাল, ঢাকা'র উদ্যোগে এবং ডাচ-বাংলা ব্যাংক এর যৌথ অর্থায়নে গাজীপুরের টঙ্গীতে বিনামূল্যে একটি চক্ষু ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত চক্ষু ক্যাম্পের মাধ্যমে মোট ২৩৫ জন অস্বচ্ছল ও সুবিধাবঞ্চিত রোগীকে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয়। এ সময় ক্যাম্পে উপস্থিত ২৩৫ জন রোগীর চক্ষু পরীক্ষা করে ৭০ জন রোগীর ছানি শনাক্ত করা হয় এবং এ সকল রোগীদের হাসপাতালের নিজস্ব পরিবহন ব্যবস্থায় হাসপাতালে এনে বিনামূল্যে ছানি অপারেশন করা হয়। ছানি অপারেশনকৃত এ সকল রোগীদের হাসপাতালে থাকাকালীন বিনামূল্যে থাকা-খাওয়া, চশমা ও উন্নতমানের বিদেশি লেন্স প্রদান করা হয়। উল্লেখ্য অপারেশনকৃত এ সকল রোগীদের পরবর্তীতে হাসপাতালের নিজস্ব পরিবহনে তাদের নিজ নিজ বাড়িতে পৌঁছে দেয়া হয়।

গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ

গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

গাক চক্ষু হাসপাতাল, ঢাকা'র উদ্যোগে এবং Synovia Pharma PLC এর অর্থায়নে ২ দিনব্যাপী বার্ষিক চক্ষু পরীক্ষা কর্মসূচি ২০২৬ আয়োজন

গাক চক্ষু হাসপাতাল, ঢাকা'র উদ্যোগে এবং Synovia Pharma PLC এর অর্থায়নে ১৬ ফেব্রুয়ারি ২০২৬ স্টেশন রোড, টঙ্গীতে ২ দিনব্যাপী বার্ষিক চক্ষু পরীক্ষা কর্মসূচি ২০২৬ সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। এই আয়োজনের মাধ্যমে Synovia Pharma PLC - এর প্রায় ৫০০ জন স্টাফের চক্ষু পরীক্ষা সম্পন্ন করা হয়। উক্ত অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'চোখের সমস্যা দ্রুত শনাক্ত করুন, সময়মতো চিকিৎসা নিন এবং নিরাপদ দৃষ্টিসেবা গ্রহণ করুন'। এ সময় Synovia Pharma PLC-এর স্টাফগণ গাক চক্ষু হাসপাতালের আন্তরিক সেবায় সন্তোষ প্রকাশ করেন এবং এর উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে বিনামূল্যে চক্ষু ক্যাম্প আয়োজন

১৭ মার্চ ২০২৬ তারিখে গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে এবং পিকেএসএফ ও অরবিস ইন্টারন্যাশনাল এর সহযোগিতায় দিনাজপুর সদর উপজেলার ঠাকুরাইন হাটসর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিনামূল্যে একটি চক্ষু ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত চক্ষু ক্যাম্পের মাধ্যমে মোট ২৪০ জন দরিদ্র ও সুবিধাবঞ্চিত রোগীকে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয়। এ সময় ক্যাম্পে উপস্থিত রোগীদের চক্ষু পরীক্ষা করে ৩৪ জন রোগীর ছানি শনাক্ত করা হয়। ছানি চিহ্নিত এ সকল রোগীদের হাসপাতালের নিজস্ব পরিবহন ব্যবস্থায় হাসপাতালে নিয়ে এসে বিনামূল্যে ছানি অপারেশন করা হয় এবং হাসপাতালে থাকাকালীন এ সকল রোগীদের বিনামূল্যে থাকা-খাওয়া, কালো চশমা ও উন্নতমানের বিদেশি লেন্স প্রদান করা হয়। অপারেশনকৃত এ সকল রোগীদের পরবর্তীতে হাসপাতালের নিজস্ব পরিবহনে নিজ নিজ বাড়িতে পৌঁছে দেয়া হয়।

অরবিস ইন্টারন্যাশনালের দুই দিনব্যাপী প্রোগ্রেস রিভিউ মিটিং সফলভাবে সম্পন্ন

১১ মে ২০২৬ তারিখে অরবিস ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর অর্থায়নে এবং গাক চক্ষু হাসপাতাল এর সহযোগিতায় বাস্তবায়নাধীন Comprehensive Cataract Services Project (CCSP) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অরবিস ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর ড. মুনির আহমেদ এর আমন্ত্রণে বক্তব্য রাখেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক এবং গাক হেলথ সার্ভিসেস এর চেয়ারম্যান ড. খন্দকার আলমগীর হোসেন, ক্যাপস্টোন ফেলো-এনডিসি। অন্ধত্ব নিবারণে চক্ষু সচেতনতা বৃদ্ধি, নিয়মিত চক্ষু পরীক্ষা করা এবং সময়মতো যথাযথ চক্ষু চিকিৎসা গ্রহণের উপর তিনি বিশেষ গুরুত্বারোপ করেন।

গাক চক্ষু হাসপাতাল বগুড়া'র বিশ্ব দৃষ্টি দিবস উদযাপন

"চোখকে ভালোবাসুন" এই প্রতিপাদ্যকে সামনে রেখে ৯ অক্টোবর ২০২৫ তারিখে সিভিল সার্জন কার্যালয়, বগুড়া এর আয়োজনে এবং গাক চক্ষু হাসপাতাল, বগুড়াসহ অন্যান্য প্রতিষ্ঠানের অংশগ্রহণে বিশ্ব দৃষ্টি দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে সিভিল সার্জন ডা. মোহাম্মদ খুরশীদ আলম এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালি শেষে সিভিল সার্জন কার্যালয়ে আয়োজিত এক সভায় তিনি অন্ধত্ব প্রতিরোধে চোখের যত্নে সচেতনতা বৃদ্ধি ও নির্দিষ্ট সময় অন্তর চোখ পরীক্ষা করার উপর গুরুত্বারোপ করেন।

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া এর উদ্যোগে এবং ডাচ-বাংলা ব্যাংক পিএলসি এর আর্থিক সহযোগিতায় ফ্রি চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে আগত ২৭৩ জন রোগীর চক্ষু পরীক্ষা করে ছানি চিহ্নিত ৪১ জন রোগীকে হাসপাতালে নিয়ে এসে বিনামূল্যে ছানি অপারেশন করে হাসপাতালের নিজস্ব পরিবহন ব্যবস্থায় নিজ নিজ বাড়িতে পৌঁছে দেয়া হয়।

গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ
গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে আয়োজিত ফ্রি চক্ষু ক্যাম্পে আগত দরিদ্র রোগীদের চক্ষু পরীক্ষা শেষে বিনামূল্যে চোখের ড্রপ ও প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।

গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে বিনামূল্যে ছানি অপারেশনকৃত দরিদ্র রোগীদের অপারেশন পরবর্তী কালো চশমা প্রদান করা হয়।

গাক চক্ষু হাসপাতাল এর নিজস্ব পরিবহন ব্যবস্থায় ক্যাম্প হতে ছানি চিহ্নিত রোগীদের হাসপাতালে নিয়ে এসে বিনামূল্যে চক্ষু অপারেশন সম্পন্ন করে পুনরায় নিজ নিজ গন্তব্যে পৌঁছে দেয়া হয়।

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া এর আওতায় আয়োজিত ফ্রি চক্ষু ক্যাম্পে আগত রোগীদের হাসপাতালের সুদক্ষ অপটোমেট্রিস্টি এর মাধ্যমে ভিশন পরীক্ষা ও রিফ্রাকশন করা হয়।

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া এর উদ্যোগে বিনামূল্যে ছানি অপারেশনকৃত ৭৭ জন রোগীকে অপারেশন পরবর্তী কালো চশমা, চোখের ড্রপ ও প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া এর সাধারণ ওয়ার্ডে বিশ্রামরত বিনামূল্যে ছানি অপারেশনকৃত রোগীদের একাংশ।

গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ

গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

গাক চক্ষু হাসপাতালসমূহে'র সুসজ্জিত অপারেশন থিয়েটারে বিশেষজ্ঞ সার্জন দ্বারা আমেরিকার বিখ্যাত Alcon Centurion Gold ফ্যাকো মেশিন এবং জার্মানির Carl Zeiss কোম্পানির অত্যাধুনিক OPMI Lumera 300 অপারেটিং মাইক্রোস্কোপ এর মাধ্যমে নিখুঁতভাবে ফ্যাকো সার্জারি করা হয়।

গাক চক্ষু হাসপাতালসমূহে জার্মানির বিখ্যাত **Carl Zeiss** কোম্পানির **IOL Master 700** মেশিনের মাধ্যমে ছানি আক্রান্ত রোগীদের চোখের জন্য প্রয়োজনীয় লেন্সের সঠিক পাওয়ার নির্ধারণ করা হয় এবং চোখের বায়োমেট্রি পরিমাপ করা হয়।



গাক চক্ষু হাসপাতালসমূহে সুদক্ষ অপথ্যালমিক টেকনিশিয়ান দ্বারা জার্মানির Carl Zeiss কোম্পানির অত্যাধুনিক CIRRUS HD OCT 500 মেশিন এর মাধ্যমে গ্লুকোমাসহ চোখের অন্যান্য জটিল রোগ নির্ণয় করা হয়।

জাপানের বিখ্যাত Topcon কোম্পানির অত্যাধুনিক Color Fundus NW 500 মেশিন এর মাধ্যমে চোখের মণি ডায়ালেট না করেই চোখের ভেতরের অংশ বিশেষ করে রেটিনার উচ্চমানের ছবি তুলে সঠিক রোগ নির্ণয় করা হয়।

গাক চক্ষু হাসপাতালসমূহে জার্মানির বিখ্যাত Carl Zeiss কোম্পানির অত্যাধুনিক Visual YAG III লেজার মেশিন এর মাধ্যমে ছানি অপারেশনকৃত রোগীদের চোখে প্রতিস্থাপিত কৃত্রিম লেন্সের পিছনে জমা হওয়া ঘোলা বা ঝাপসা পর্দা অপসারণ করে লেন্সের কার্যকারিতা পুনরায় ফিরিয়ে আনা হয়।

গাক চক্ষু হাসপাতাল, বগুড়া কর্তৃক বিনামূল্যে ছানি অপারেশনকৃত রোগীরা হাসপাতালের নিজস্ব পরিবহনের মাধ্যমে স্ব-স্ব গন্তব্যে পৌছানোর অপেক্ষায়।

গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ

গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে এবং পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) ঠাকুরগাঁও এর আয়োজনে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ও ছানি অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত

১১ জানুয়ারি ২০২৬ তারিখে গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে এবং পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক), ঠাকুরগাঁও এর আয়োজনে জেলা পুলিশ লাইন্স, ঠাকুরগাঁও এ বিনামূল্যে ১টি চক্ষু চিকিৎসা ও ছানি অপারেশন ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে ৯৬০ জন রোগীর চোখ পরীক্ষা করে বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ ও চশমা প্রদান করা হয়। এছাড়াও ছানি চিহ্নিত ১১০ জন রোগীকে দিনাজপুরস্থ গাক চক্ষু হাসপাতালে নিয়ে এসে বিনামূল্যে ছানি অপারেশন করে দেয়া হয় এবং পরবর্তীতে হাসপাতালের নিজস্ব পরিবহনে তাদের নিজ নিজ বাড়িতে পৌঁছে দেয়া হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মোঃ বেলাল হোসেন, পুলিশ সুপার, ঠাকুরগাঁও। এ সময় তিনি উপস্থিত সকলকে চোখের যত্নে সচেতন হওয়ার আহবান জানান এবং যথাসময়ে চক্ষু রোগ সনাক্ত ও প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। বক্তব্যকালে, পুলিশ সুপার গাক চক্ষু হাসপাতাল এর সার্বিক চিকিৎসা সেবার মান নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে এবং পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) দিনাজপুর এর আয়োজনে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ও ছানি অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত

২৯ এপ্রিল ২০২৬ তারিখে গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর এর উদ্যোগে এবং পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক), ঠাকুরগাঁও এর আয়োজনে জেলা পুলিশ লাইন্স, দিনাজপুর এ বিনামূল্যে ১টি চক্ষু চিকিৎসা ও ছানি অপারেশন ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে ৩৪০ জন রোগীর চোখ পরীক্ষা করে বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ ও চশমা প্রদান করা হয়। এছাড়াও ছানি চিহ্নিত ৩৬ জন রোগীকে দিনাজপুরস্থ গাক চক্ষু হাসপাতালে নিয়ে এসে বিনামূল্যে ছানি অপারেশন করে দেয়া হয় পরবর্তীতে হাসপাতালের নিজস্ব পরিবহনে তাদের নিজ নিজ বাড়িতে পৌঁছে দেয়া হয়।। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জেদান আল মুসা, পুলিশ সুপার, দিনাজপুর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. মোঃ আসিফ ফেরদৌস, সিভিল সার্জন, দিনাজপুর। সিভিল সার্জন তার বক্তব্যে বলেন, অসহায় ও দরিদ্র মানুষের জন্য এ ধরণের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান একটি মহৎ উদ্যোগ। সমাজের সকল স্তরের মানুষের কল্যাণে এ ধরণের মানবিক কার্যক্রমের পরিধি আরো বাড়ানো প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করনে। এছাড়াও পুলিশ সুপার তার বক্তব্যে, অন্ধত্ব নিবারণে নিয়মিত চক্ষু পরীক্ষা, ডায়াবেটিস নিয়ন্ত্রন ও যথাসময়ে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। ক্যাম্প চলাকালীন মাননীয় পুলিশ সুপার ও সিভিল সার্জন চক্ষু চিকিৎসা সেবা নিতে আসা রোগীদের সাথে মতবিনিময় করেন এবং ক্যাম্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।

সম্প্রতি গাক চক্ষু হাসপাতাল উত্তরার সাথে NRBC Bank PLC এর কর্পোরেট চুক্তি সম্পন্ন হয়েছে

এই চুক্তির অধীনে NRBC Bank PLC সকল ডেবিট / ক্রেডিট কার্ড হোল্ডার, কর্মকর্তা, কর্মচারীগণ গাক চক্ষু হাসপাতাল এর Fast Track সান্ধ্যকালীন কর্পোরেট চক্ষু সেবা নিতে পারবেন। চুক্তি অনুষ্ঠানে "GUK Eye Hospital" এর পক্ষে উপস্থিত ছিলেন উপদেষ্টা ডাঃ আল মোস্তাকিম অর্থি এবং "NRBC Bank PLC" এর পক্ষে উপস্থিত ছিলেন সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট Head Of RBBD কাজী মো: শাফায়েত কাবির। উনারা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করে চুক্তি সম্পন্ন করেন। উক্ত অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গাক চক্ষু হাসপাতাল
GUK EYE HOSPITAL

গাক আই নিউজ

গাক চক্ষু হাসপাতাল

ষান্মাষিক প্রকাশনা (জানুয়ারি-জুন ২০২৬) সংখ্যা ০১

গাক চক্ষু হাসপাতালসমূহে পূর্ণকালীন চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ আধুনিক স্লিট ল্যাম্পের মাধ্যমে চক্ষু পরীক্ষা করে **OPD** তে আগত রোগীদের প্রয়োজনীয় পরামর্শ ও চিকিৎসা ব্যবস্থাপত্র প্রদান করেন।

এক নজরে গাক চক্ষু হাসপাতালসমূহ কর্তৃক প্রদত্ত বিনামূল্যে/স্বল্পমূল্যে চক্ষু চিকিৎসা প্রদান সংক্রান্ত তথ্যাবলি

গাক চক্ষু হাসপাতাল ঢাকা, বগুড়া ও দিনাজপুর কর্তৃক প্রদত্ত চক্ষু চিকিৎসা সেবা সংক্রান্ত পরিসংখ্যানঃ

বিবরণ	বিনামূল্যে চক্ষু চিকিৎসা সেবা প্রদান (জন)	১০০ টাকা ফি'র বিনিময়ে চক্ষু চিকিৎসা সেবা প্রদান (জন)	বিনামূল্যে ছানি অপারেশন সম্পন্ন (জন)	বিনামূল্যে চশমা ও ওষুধ প্রদান
গাক চক্ষু হাসপাতাল, ঢাকা	প্রায় ৩ লক্ষ	প্রায় ৩ লক্ষ	২,০০০	প্রায় ৭,৫০০
গাক চক্ষু হাসপাতাল, বগুড়া	প্রায় ১৪ লক্ষ	প্রায় ৮ লক্ষ	১৫,৫০০	প্রায় ৩০,০০০
গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর	প্রায় ৩ লক্ষ	প্রায় ২ লক্ষ	২,৫০০	প্রায় ৫,৫০০
মোট-	প্রায় ২০ লক্ষ	প্রায় ১৩ লক্ষ	২০,০০০	প্রায় ৪৩,০০০

গাক এর সকল চক্ষু হাসপাতালে চক্ষু চিকিৎসা সেবার এ ধারা অব্যাহত রয়েছে।